



ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, আগামী ১৭ মার্চ, ২০১৮ তারিখ, শনিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০১৮ উদ্‌যাপনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক নিম্নলিখিত কর্মসূচি গৃহীত হয়েছে :-

- ১। উপাচার্য, প্রো-উপাচার্য (শিক্ষা), প্রো-উপাচার্য (প্রশাসন), কোষাধ্যক্ষ, সিনেট ও সিন্ডিকেটের সদস্যবৃন্দ, ডিন, প্রাধ্যক্ষ, ওয়ার্ডেন, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটসমূহের পরিচালক, অফিস প্রধানবৃন্দ ও প্রক্টর সমভিব্যাহারে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর সংলগ্ন বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। এতদুদ্দেশ্যে আগামী ১৭ মার্চ, ২০১৮ তারিখ, শনিবার, সকাল ৭:০০ টায় উপাচার্য ভবনে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হলো।
- ২। ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে সকাল ১০:৩০ মিনিটে আলোচনা সভা অনুষ্ঠিত হবে।
আলোচনা সভায় এবারের প্রতিপাদ্য : “বঙ্গবন্ধুর জন্মদিন : রঙ ছড়ানো আলো

লাল-সবুজের বাংলাদেশে থাকবে শিশু ভালো”।


- আলোচনা সভায় সভাপতিত্ব করবেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। উক্ত আলোচনা সভায় ছাত্র-শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।
- ৩। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হল ও হোস্টেলসমূহে দোয়া, উপাসনালয়ে প্রার্থনা ও আলোচনা অনুষ্ঠানসহ ছাত্র-ছাত্রীদের মধ্যে মিষ্টি বিতরণ। সংশ্লিষ্ট হল ও হোস্টেলের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেনবৃন্দ এতদ্বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
 - ৪। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদুল জামিয়ার ইমাম খতিব।
 - ৫। ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে সন্ধ্যা ৬:৩০ মিনিটে সাংস্কৃতিক অনুষ্ঠান। চেয়ারম্যান, সংগীত বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
 - ৬। ছাত্র-শিক্ষক কেন্দ্রের ক্যাফেটেরিয়ায় সকাল ১০:০০ টায় ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, নীলক্ষেত উচ্চ বিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় আবাসিক এলাকাসমূহের শিশুদের নিয়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন।
ডিন, চারুকলা অনুষদ চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

চিত্রাঙ্কণ প্রতিযোগিতার কর্মসূচি :

তারিখ : ১৭ মার্চ, ২০১৮ শনিবার	মোট ৩টি গ্রুপে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে	প্রতিযোগিতার বিষয়বস্তু :
স্থান : টি.এস.সি. ক্যাফেটেরিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়	গ্রুপ- 'ক' : প্রু গ্রুপ থেকে ৩য় শ্রেণি পর্যন্ত গ্রুপ- 'খ' : ৪র্থ শ্রেণি থেকে ৭ম শ্রেণি পর্যন্ত গ্রুপ- 'গ' : ৮ম শ্রেণি থেকে ১০ম শ্রেণি পর্যন্ত	গ্রুপ - 'ক' : উন্মুক্ত গ্রুপ 'খ' ও 'গ' : বঙ্গবন্ধু ও বাংলাদেশ মাধ্যম : জলরঙসহ যে কোন প্রকার রঙ
সময় : সকাল ১০:০০ টা থেকে বেলা ১২:০০ টা পর্যন্ত		

- * শুধুমাত্র ছবি আঁকার কাগজ কর্তৃপক্ষ সরবরাহ করবে। অন্যান্য সকল উপকরণ (পেন্সিল, বোর্ড, রঙ, রঙের প্যালেট, পানির পাত্র ইত্যাদি) প্রতিযোগিতার সঙ্গে নিয়ে আসবে।
- * প্রতিযোগীদের বয়স বা শ্রেণি যাচাইয়ের জন্যে স্কুলের পরিচয়পত্র ও একটি সত্যায়িত ফটোকপি সঙ্গে নিয়ে আসবে।
- * প্রত্যেক গ্রুপে শ্রেষ্ঠ ১০টি ছবি হিসেবে ৩ টি গ্রুপে মোট ৩০টি পুরস্কার প্রদান করা হবে।
- * অংশগ্রহণকারী প্রত্যেককে সার্টিফিকেট প্রদান করা হবে।

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা


স্বাক্ষর
ঢাকা বিশ্ববিদ্যালয়